করোনা মোকাবেলায় স্বর্ণপদক পেলেন ঝিনাইদহের চেয়ারম্যান

করোনা মোকাবেলায় বিশেষ অবদানের স্বীকৃতি স্বরুপ বাংলাদেশ ইউনিয়ন পরিষদ ফোরামের পক্ষ থেকে স্বর্ণপদক পেলেন ঝিনাইদহ সদর উপজেলার ঘোড়শাল ইউনিয়নের চেয়ারম্যান পারভেজ মাসুদ লিলটন। তিনি ইউনিয়নের একাধিকবার নির্বাচিত চেয়ারম্যান।

অফিস সূত্রে জানা যায়, দেশে করোনাকালীন সদর উপজেলার ঘোড়শাল ইউনিয়নসহ বিভিন্ন স্থানে স্বাস্থ্য বিধি মেনে সামাজিক দূরত্ববজায় রাখতে মাস্ক ব্যবহার করাসহ করোনা মোকাবেলায় বিশেষ ভূমিকা পালন করেছেন।

এছাড়াও কারোনাকালীন সরকারী অনুদানের পাশাপশি অসহায় কর্মহীন খেটে খাওয়া মানুষকে নিজ উদ্যোগে আর্থিক সহযোগিতা প্রদানসহ বিভিন্ন খাদ্য সামগ্রী বিতরণ করেছেন।

জীবনের ঝুকি নিয়ে রাত দিন জনগণের কল্যাণে কাজও করেছেন তিনি। এরই স্বীকৃতি স্বরুপ বাংলাদেশ ইউনিয়ন পরিষদ ফোরামের পক্ষ থেকে সম্প্রতি তাকে স্বর্ণপদক প্রদান করা হয়েছে।

উত্তর নারায়ণপুর ফুটবল টুর্নামেন্টে যশোরের জয়

ঝিনাইদহ সদরের সাগান্না ইউনিয়নের উত্তর নারায়ণপুর ফুটবল টুর্নামেন্টের তৃতীয় ম্যাচে জীবন নগর একাদশের বিপক্ষে ২-০ গোলের ব্যবধানে জয় পেয়েছে যশোর বসুন্দিয়া আবাহনী ফুটবল একাদশ।

আজকের খেলায় সেরা খেলোয়াড় নির্বাচিত হয়েছেন যশোর বসুন্দিয়া আবাহনী ফুটবল একাদশের খেলোয়াড় মোঃ নাজমুল ইসলাম। খেলায় একটি গোল করেন যশোর বসুন্দিয়া আবাহনী ফুটবল একাদশের ০৭ নম্বর জার্সি পরিহিত খেলোয়াড় মোঃ নাজমুল ইসলাম।

খেলা শেষে সেরা খেলোয়াড়-এর হাতে পুরস্কার তুলে দেন, ৩ নং সাগান্না ইউনিয়ন চেয়ারম্যান মোঃ আলাউদ্দিন আল মামুন ও সাগান্না ইউনিয়ন আওয়ামী লীগ নেতা মোঃ মশিউর রহমান।

খেলাটির আয়োজন ও সার্বিক ব্যবস্থাপনায় রয়েছে উত্তর নারায়ণপুর লায়ন্স ক্লাব।

কালীগঞ্জে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে সার ও বীজ বিতরণ

ঝিনাইদহের কালীগঞ্জ কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক প্রণোদনা কর্মসূচির আওতায় রবি-২০২০-২১ অর্থ বছরে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণ করা হয়েছে।

বীজ ও সার বিতরণ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার সূবর্ণা রাণী সাহা। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য মোঃ আনোয়ারুল আজীম আনার এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কালীগঞ্জ উপজেলা কৃষি অফিসার শিকদার মোঃ মোহায়মেন আক্তার।

এছাড়াও উপজেলা মৎস্য অফিসার আব্দুল্লাহ মোহাম্মদ সাইদুর রহমান, উপজেলা কৃষি সম্প্রসারণ অফিসার হুমায়ুন কবির, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক খন্দকার তাজউদ্দিন আহমেদ, ৮নং মালিয়াট ইউপি চেয়ারম্যান একরামুল হক সহ কালীগঞ্জ পৌরসভা ও উপজেলার ১১টি ইউনিয়ন হতে আগত ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক।

এ সময় প্রায় ৩০০ জন কৃষককে সরিষা বীজ ও সার বিনামূল্যে প্রদান করা হয়।

মেহেরপুরে নতুন করে আরও ২ জন করোনায় আক্রান্ত

মেহেরপুর নতুন করে আরও ২ জন করোনা আক্রান্ত হয়েছেন। তারা দুই জনই গাংনী উপজেলার বাসিন্দা।

সোমবার সন্ধ্যায় সিভিল সার্জন কার্যালয় সূত্র জানায়, গত ২৪ ঘন্টায় ২৩ জনের নমুনা পরীক্ষার রিপোর্টের মধ্যে নেগেটিভ আসে ২১ জনের। আর পজেটিভ আসে ২ জনের।

তিনি আরো জানান, এ পর্যন্ত সর্বমোট ফলাফল এসেছে ৪৭৬৮ টি, সর্বমোট পজিটিভ ৬৯৩ জন, সুস্থ ৬০১ জন, মৃত্যু ১৬ জন ও ট্রান্সফার্ড ৫৪ জন।

বর্তমানে মেহেরপুর জেলায় পজিটিভ কেইস এর সংখ্যা ২২ (সদরে-১৪, গাংনীতে- ৫ ও মুজিবনগরে- ৩) জন।

ভিন্ন সূূত্রে পাওয়া আক্রান্তরা হলেন- গাংনী উপজেলার ধানখোলা গ্রামের শাপলা খাতুন(২৩) ও গাংনী হাসপাতালের গোলাম সরোয়ার(৩৫)।

মুজিবনগর সরকারী মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্রীদের মাঝে স্যানেটারী ন্যাপকিন বিতরণ

কিশোরীদের স্বাস্থ্য সুরক্ষায় স্যানেটারী টাওয়েল প্রস্তুতকরণ কর্মসূচীর আওতায় মুজিবনগর সরকারী মাধ্যমিক বিদ্যালয়ের ২ শত জন গরীব কিশোরীদের মাঝে বিনামূল্যে ৬ শত পিচ স্যানেটারী ন্যাপকিন বিতরণ করা হয়েছে।

সোমবার সকাল সাড়ে এগারটার দিকে মুজিবনগর উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের আয়োজনে এ সকল স্যানেটারী ন্যাপকিন বিতরণ

করা হয়।

উক্ত বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা তাজুল ইসলাম।
মুজিবনগর সরকারী মাধ্যমিক বিদ্যালয়ের সহযোগীতায় উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইজারুল ইসলাম।

এ সময় উপস্থিত ছিলেন মুজিবনগর সরকারী মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক আলিফ হোসেনসহ বিদ্যালয়ের শিক্ষক/শিক্ষিকাগন।

গাংনীর গাড়াডোবে ভাইয়ের বিরুদ্ধে ঘর ভাঙার অভিযোগ

আপন ভাইয়ের বিরুদ্ধে ঘর ভাঙার অভিযোগ উঠেছে জাব্বারুল ইসলামের বিরুদ্ধে। বিক্রিত জমি নিজের দাবি করে সেমিপাকা ঘর ভেঙে দিয়েছে বলে অভিযোগ করেছেন তাঁর বড় ভাই আলমাস হোসেন। সেই সাথে লাঠিসোটাসহ লোকজন নিয়ে মারধর করেছে বলে জানান আলমাস।

ঘটনাটি ঘটেছে সোমবার দুপুরে মেহেরপুরের গাংনী উপজেলার পোড়াপাড়া গ্রামে।

ভুক্তভোগী আলমাস জানান, প্রায় ৮ বছর আগে পৈত্রিক ১ কাঠা জমি আমার ছোটভাই জাব্বারুলের কাছ থেকে ৭ লাখ ৩০ হাজার টাকায় ক্রয় করি। বর্তমানে সেই জমির বাজার দর বৃদ্ধি পাওয়ায় জমি ফিরে পেতে আমাকে প্রতিনিয়ত চাপ সৃষ্টি করতে থাকে। আজ সোমবার জাব্বারুল, পোড়াপাড়া গ্রামের পাচকড়ির ছেলে আমজাদ, মৃত সাবদুলের ছেলে রিপন ও মিঠন, মাসুদ আলীর ছেলে কালাম বাড়িতে প্রবেশ করে আমার স্ত্রী ও আমার ভাই জাহাঙ্গীরসহ আমাকে মারধর করে ঘরবাড়ি ভেঙে দেয়।

আলমাসের ভাই জাহাঙ্গীর হোসেন বলেন, আমরা এখন বাড়ি থেকে বের হতে পারছিনা। বাড়ির সামনেই তারা লাঠিসোটা নিয়ে অবস্থান করছে আমাদের মারবে বলে। আমরা পুলিশে খবর দিলে গাংনী থানার একটি দল এখানে এসে তিন জনকে আটক করে। কিন্তু কিছুক্ষন পরেই আবার ছেড়ে দেয়।

অভিযুক্ত জাব্বারুল হোসেন বলেন, এটা আমার বাবা মৃত মোসারেফ হোসেনের জমি। এখানে আমার ভাগ আছে। আমি আমার জমিতে থাকা ঘর ভেঙেছি।

গাংনী থানার ওসি ওবাইদুর রহমান জানান, ঘর ভাঙার অভিযোগে ঘটনাস্থলে পুলিশের একটি দল যায়। আজ সোমবার তাদের উভয় পক্ষকে থানায় আসতে বলা হয়েছে। উভয় পক্ষের কাগজপত্র যাচাই করে পরবর্তি ব্যবস্থা নেওয়া হবে।

মেহেরপুর সমাজ সেবার ডিডি আব্দুল কাদের বদলি

সাংবাদিকদের উপর হামলা করা মেহেরপুর সমাজসেবা অধিদপ্তরের উপপরিচালক আব্দুল কাদেরকে বদলি করা হয়েছে।

আজ সোমবার রাষ্ট্রপতির আদেশে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের উপসসিব (প্রশাসন-৪) মোহা. নায়েব আলী স্বাক্ষরিত এক আদেশে এ তথ্য জানা গেছে।

আব্দুল কাদেরকে বদলি করে সাতক্ষিরার জেলার আশশুনি এতিম প্রতিবন্ধী শিশুদের প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্রের জেনারেল ম্যানেজার দায়িত্ব দেওয়া হয়েছে। একই সঙ্গে আজ ১৬ নভেম্বরের মধ্যেই মেহেরপুর সমাজ সেবা অধিদপ্তরের সহকারি পরিচালকের কাছে দায়িত্ব হস্তান্তরের নির্দেশ দেওয়া হয়েছে।

বদলির খবর পেয়ে তাৎক্ষনিক ভাবে মেহেরপুর সাংবাদিক সমাজের আহবায়ক রুহুল কুদ্দুস টিটো মেহেরপুর প্রতিদিনকে জানান, এটা আমাদের সম্মিলিত বিজয়। তাকে শাস্তি স্বরুপ সাতক্ষিরার একটি উপজেলার শিশু পূনর্বাসন কেন্দ্রে জেনারেল ম্যানেজার হিসেবে বদলি করা হয়েছে বলে তিনি মত প্রকাশ করেন।

এদিকে, সমাজসেবা অধিদপ্তরের উপপরিচালক আব্দুল কাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার দাবিতে মেহেরপুর সাংবাদিক সমাজের ব্যানারে

সাংবাদিকরা ৭দিনের কর্মসূচী ঘোষনা করে । সোমবার সকালে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে সড়কে পথসভা কর্মসূচী পালন করেন।

উল্লেখ্য, গত ৮ নভেম্বর তথ্য সংগ্রহ করতে গিয়ে ডিবিসি প্রতিনিধি আবু আক্তার করণ ও বাংলাদেশে রয়টার্সের প্রতিনিধি জাকির হোসেনকে মারধর ও তাদের ক্যামেরা ভাংচুর করে উপপরিচালক আব্দুল কাদের ও তার অফিসের স্টাফরা।

মেহেরপুরে ক্ষুদ্র উদ্যোক্তাদের ঋণ সুবিধার দাবিতে অবস্থান কর্মসূচী ও স্মারকলিপি প্রদান

করোনা মোকাবেলায় প্রধানমন্ত্রী ঘোষীত ক্ষুদ্র ও ক্ষুদ্র উদ্যোক্তাদের জন্য ঋণ প্রণোদনা বাস্তবায়নের দাবিতে অবস্থান কর্মসূচী ও স্মারকলিপি প্রদান করেছে মেহেরপুরের উদ্যোক্তারা।

সোমবার সকালে মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয় প্রাঙ্গনে জেলা শিল্প ও বণিক সমিতির সাধারণ সম্পাদক আরিফুল এনাম বকুলের নেতৃত্বে এ কর্মসূচী পালন করেন তাঁরা।

মানববন্ধন শেষে জেলা প্রশাসকের মাধ্যমে প্রধানমন্ত্রীকে তাদের দাবি সম্বলিত একটি স্মারকলিপি প্রদান করা হয়।

স্মারকলিপিতে উদ্যোক্তরা জানান, করোনার কারণে সারাদেশে ব্যবসা- বানিজ্যে স্থবিরতা বিরাজ করছে। অতিক্ষুদ্র ক্ষুদ্র পর্যায়ের বহু ব্যবসা প্রতিষ্ঠান ইতোমধ্যে বন্ধ হয়ে গিয়েছে। বহু পরিবার নি:স্ব হয়ে পথে বসেছে।

করোনা পরিস্থিতি মোকাবেলা করে যেন ক্ষুদ্র ব্যবসায়ীরা ক্ষতি কাটিয়ে উঠতে পারে সেজন্য প্রধানমন্ত্রী ২০ হাজার কোটি টাকার একটি প্রণোদনা ঋণ কার্যক্রম ঘোষনা করেন। কিন্তু দু:খের বিষয়

নভেম্বর মাস পার হতে চললেও এখন পর্যন্ত ঋণ কার্যক্রমে সন্তোষজনক ভুমিকা পালন করছেন না ব্যাংক গুলো। এক্ষেত্রে সরকারি ও বেসরকারি সকল ব্যাংকই উদাসীনতার পরিচয় দিচ্ছে এবং অনাগ্রহ প্রকাশ করছে। মেহেরপুরের অতি ক্ষুদ্র ও ক্ষুদ্র ব্যবসায়ীরা যেন ঋণ প্রণোদনা সুবিধা নিয়ে ব্যবসা পরিচালনা করার সুযোগ করে দেওয়ার দাবি জানাচ্ছি।

কর্মসূচীতে অন্যদের মধ্যে জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতির মেহেরপুর জেলা শাখার সভাপতি নাইমুর রহমান, উদ্যোক্তা আজিজুল ইসলাম, শরিফুল ইসলাম পলাশ, মোমিনুল ইসলাম, শাহিনুল ইসলাম, ছুবে সুলতানা, ক্যামিলি খাতুন, মৌসুমী খাতুন,রেবেকা খাতুন, আয়েশা খাতুন, পান্না খাতুন, রাবেয়া খাতুন, সোহেল খান প্রমুখ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে সমাজসেবা উপপরিচালকের বিচারের দাবিতে সাংবাদিকরা একাট্টা

মেহেরপুরে ডিবিসি প্রতিনিধি আবু আক্তার করণ ও বাংলাদেশ রয়টার্স প্রতিনিধি জাকির হোসেনকে মারধর ও ক্যামেরা ভাংচুর করায় সমাজ সেবা অধিদপ্তরের উপপরিচালক আব্দুল কাদেরসহ সংশ্লিষ্টদের বিচারের দাবিতে পথসভা করেছে সাংবাদিকরা।

সোমবার সকালে মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে সড়কে মেহেরপুরের সাংবাদিক সমাজ ব্যানারে সাংবাদিকরা সপ্তাহ ব্যাপী কর্মসূচীর অংশ হিসেবে প্রথম দিনের কর্মসূচী পালন করে।

মেহেরপুর সাংবাদিক সমাজের আহবায়ক ও সিনিয়র সাংবাদিক রুহুল কুদ্দুস টিটোর সভাপতিত্বে সাংবাদিকদের মধ্যে বক্তব্যে দেন ইত্তেফাক প্রতিনিধি মাহাবুব চান্দু, দেশ রুপান্তর প্রতিনিধি তুহিন আরন্য, বিটিভি প্রতিনিধি আলামিন হোসেন, কালের কণ্ঠ প্রতিনিধি ইয়াদুল মোমিন, এসএ টিভি প্রতিনিধি ফজলুল হক মন্টু,

মাইটিভি প্রতিনিধি মাহবুব আলম, সাংবাদিক এম এন পাভেল, আতিক স্বপন প্রমুখ।

পথসভায় আহবায়ক রুহুল কুদ্দুস টিটো বলেন, ঘটনার দিন জেলা প্রশাসক সাংবাদিক নের্তৃবৃন্দদের নিয়ে তাঁর সম্মেলন কক্ষে মতবিনিময় করে দ্রুত এ ঘটনার ব্যবস্থা করার জন্য তদন্ত কমিটি করেছিলেন। কিন্তু ঘটনার আটদিন পার হলেও তদন্ত কমিটি কোন প্রতিবেদন দেননি এবং কার্যকর কোন ব্যবস্থা গ্রহন করেননি। যে কারণে আমরা বাধ্য হয়ে ৭দিনের কর্মসূচী দিয়েছি। আপনি এর মধ্যে ওই কর্মকর্তার বিরুদ্ধে ব্যবস্থা নিবেন। না হলে আমাদের এ কর্মসূচী চলতে থাকবে। একপর্যায়ে জেলা প্রশাসনসহ মেহেরপুরের সরকারি দপ্তরের সকল সংবাদ বর্জন করাসহ কঠোর আন্দোলন করা হবে।

দৈনিক দেশ প্রতিনিধি মুজাহিদ মুন্নার সঞ্চালনায় পথসভায় মেহেরপুরে বিভিন্ন গণমাধ্যমে কর্মরত সাংবাদিকরা উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, গত ৮ নভেম্বর মেহেরপুর সমাজ সেবা কার্যালয়ে তথ্য সংগ্রহ করতে গিয়ে সমাজ সেবা অধিদপ্তরের উপ-পরিচালক আব্দুল কাদের ও তার সহযোগীরা ডিবিসি প্রতিনিধি আবু আক্তার করণ ও বিডি রয়টার্স প্রতিনিধি জাকির হোসেনকে মারধর করেন এবং ক্যামেরা ভাংচুর করেন। এ ঘটনায় ওই দিনই মেহেরপুর সদর থানায় চার জনের নাম উল্লেখ সহ অজ্ঞাত ৮/৯ জনের বিরুদ্ধে একটি অভিযোগ দায়ের করা হয়।

মেহেরপুরের দুই তরুণের মিক্সড মার্শালে স্বর্ণ পদক জয়

বাংলাদেশের সুনামধন্য হাবিব এম এম এ একাডেমি ক্লাব আয়োজিত মিক্সড মার্শাল আর্ট টুর্নামেন্টে মেহেরপুরের দুই তরুণের স্বর্ণ পদক অর্জন করেছেন।

টুর্নামেন্টি গত ১৩ ই নভেম্বর ঢাকায় অনুষ্ঠিত হয়। প্রথম রাউন্ডের খেলায় মেহেরপুরের গাংনী উপজেলার রামকৃষ্ণ পুর ধলা গ্রামের মওদুদ হোসেন বিজয় লাভ করেন।

এবং দ্বিতীয় বারে মেহেরপুর পুর সদর উপজেলার কুতুবপুর গ্রামের লিটন হোসেন খেলাটিতে বিজয় লাভ করেন।

বিজয়ী খেলোয়ার মওদুদ এবং লিটন জানান, আমরা জীবনের প্রথম খেলাটিতেই বিজয় লাভ করে অনেক খুশি। আমাদের বিজয় লাভের পিছনে যে দুটি মানুষের পরিশ্রম এবং এখানে দাড়ানোর সুযোগ করে দিয়েছেন তাদের কে অনেক ধন্যবাদ। মনজুর আলম বিশ্বাস ও হুসাইন কবির কে।

মনজুর আলম এবং হুসাইন কবির জানান, আমরা দুই দুই বার দেশের বাইরে থেকে গোল্ড মেডেল অর্জন করেছি। এবং সেটা অনেক কষ্ট করে অর্জন করেছি। এবং বিভিন্ন বাধার সম্মুখীন হয়েছি। তাই আমরা মেহেরপুরে মিক্সড মার্শাল খেলায় আগ্রহীদের জন্য এক টি ক্লাব খুলেছি যেখানে তারা যেন নিয়োমিত খেলা প্যাকটিজ করতে পারে। বর্তমানে ক্লাবের সদস্য সংখা ২০ জনে পরিনত হয়েছে।আগামীতে আরো হবে বলে আশা করা যায়।

মনজুর আলম জানান মওদুদ ও লিটন অল্প দিনের মধ্যেই অনেক পরিশ্রমের মাধ্যেমে অনেক ভালো মানের খেলোয়াড় হয়ে উঠেছেন আশা করা আগামীতে আরো ভালো করবেন।

হুসাইন কবির মওদুদ ও লিটনের ভবিষ্যেৎ মঙ্গল কামনা করে মেহেরপুর মিক্সড মার্শাল ক্লাবে আগ্রহী খেলোয়াড়দের আহব্বান জানান।